

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি গণমাধ্যমকর্মীদের সঙ্গে উপাচার্যের মতবিনিময় সভা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিভিন্ন গণমাধ্যমকর্মীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা ও উপাচার্যের তুরস্ক সফর উপলক্ষে নোবিপ্রবি সাংবাদিকদের অংশগ্রহণে আজ বুধবার (২৩ এপ্রিল ২০২৫) বিকাল ৫.৩০টায় উপাচার্যের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল সাংবাদিকদের আমন্ত্রণ ও ধন্যবাদ জানিয়ে বলেন, আপনারা অবগত আছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আসন্ন। এ ভর্তি পরীক্ষাকে ঘিরে আমাদের সামগ্রিক প্রস্তুতি সম্পন্ন। ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে আমরা বিভিন্ন বিষয়ে জোর দিয়েছি। ভর্তি পরীক্ষার্থীদের যেনো যানবাহন অপ্রতুলতার বেগ পোহাতে না হয়, সেজন্য নোবিপ্রবি পরিবহনপুলের বাসসমূহ তাদের জন্য ওইদিন বরাদ্দ রাখা হয়েছে। যাতে করে তারা বিনা খরচে যাতায়াত করতে পারে। একইসঙ্গে চৌমুহনী ও সোনাপুর মোড়ে যেনো যানজট না লাগে, সে বিষয়ে পুলিশ ও জেলা প্রশাসনকে অনুরোধ জানানো হয়েছে। পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় প্রতিরোধেও প্রশাসনকে অনুরোধ জানানো হয়েছে। ভর্তিচ্ছুদের আবাসন সুবিধা নিশ্চিত হোটেলগুলো যাতে অতিরিক্ত ভাড়া আদায় না করতে পারে সে বিষয়েও প্রশাসনকে অনুরোধ জানানো হয়েছে। নোয়াখালীতে বিদ্যমান বিশ্ববিদ্যালয় ভর্তি কোর্চিংসমূহ বন্ধ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও পল্লীবিদ্যুৎকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎসেবা প্রদানে যাবতীয় আগাম প্রস্তুতি সম্পন্ন করার কথা জানানো হয়েছে। ভর্তিচ্ছুদের অভিভাবকদের থাকার জন্য নোবিপ্রবি অডিটোরিয়াম এবং তারা কাছাকাছি জায়গায় প্যাভেলের ব্যবস্থা করা হয়েছে।

সফল তুরস্ক সফর নিয়ে উপাচার্য বলেন, সম্প্রতি আমি তুরস্কের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে গমন করি এবং সেখানে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্সে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করি। বক্তব্যে আমি শিক্ষার্থীদের জন্য প্রযুক্তি স্থানান্তর, উদ্ভাবনী হাব তৈরিসহ সৃজনশীল মনোজগত গঠনের ওপর গুরুত্বারোপ করি। এছাড়াও প্রযুক্তির টেকসই উন্নয়ন, উচ্চশিক্ষায়-রিসার্চ ট্রান্সফরমেশন টু মার্কেট, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ডাটা সায়েন্স নিয়ে গুরুত্বপূর্ণ মতামত কনফারেন্সে তুলে ধরেছি। এছাড়াও আনন্দের বিষয় হচ্ছে আমরা তুরস্কের ৩টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্বাক্ষর (এমওইউ) স্বাক্ষর করেছি। সেগুলো হলো- আলানিয়া আলাদিন কেকুবাৎ, আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ ও নিদে ওমর হলিসদেমির বিশ্ববিদ্যালয়। স্বাক্ষরিত এমওইউ'র আওতায় নোবিপ্রবি ও তুরস্কের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে স্টুডেন্ট ও ফ্যাকাল্টি একচেঞ্জ, আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থী একচেঞ্জ, এমএস ও পিএইচডি শিক্ষার্থী জয়েন্ট সুপারভিশন, এনার্জি টেকনোলজি ও ইঞ্জিনিয়ারিং একচেঞ্জ, একাডেমিক ও ইনফরমেশন ম্যাটেরিয়ালস একচেঞ্জ, স্টাফ ট্রেনিং, যৌথ গবেষণা ও কনফারেন্স চালু এবং ভাষা কোর্স চালুর সুবিধাসমূহ রয়েছে।

এছাড়াও আমি তুরস্কের অস্তিত্ব তেখনিখ বিশ্ববিদ্যালয় সফর করি, সেখানে নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য এক তৃতীয়াংশ টিউশন ফি মওকুফের বিষয়ে সিদ্ধান্ত হয়। এজন্য আমরা অচিরেই ওই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একটি এমওইউ করবো।

এসময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আরও বলেন, পরীক্ষার দিন বিশ্ববিদ্যালয়ের ভেতরে এবং নোয়াখালী শহরের পরীক্ষা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সাধারণের প্রবেশাধিকার সংরক্ষিত থাকবে। ভর্তিচ্ছু ও অভিভাবকদের আকস্মিক স্বাস্থ্যঝুঁকি এড়াতে নোবিপ্রবি মেডিকেল সেন্টার ডাক্তার ছাড়াও ভিজিল্যান্স টিম ও অ্যাম্বুলেন্স টিমের প্রক্রিয়া সম্পন্ন করেছে। সামগ্রিক নিরাপত্তাবিধানে পুলিশ প্রশাসন বিভিন্ন স্পটে দায়িত্বরত থাকবে। পাশাপাশি নোবিপ্রবি বিএনসিসি, রোভার স্কাউটসহ শিক্ষার্থী প্রতিনিধি সহায়ক টিম হিসেবে কাজ করবে।

প্রশ্নোত্তর পর্ব শেষে মাননীয় উপাচার্য আসন্ন ভর্তি পরীক্ষা নির্বিঘ্নে পরিচালনায় সাংবাদিকদের সহযোগীতা কামনা করেন ও তাদের মূল্যবান পরামর্শের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এসময় বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় কর্মরত নোবিপ্রবির সাংবাদিকরাও বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষা ও সর্বাঙ্গীন অগ্রযাত্রায় পাশে থাকার কথা জানান।

মতবিনিময় সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, পরীক্ষা চালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, প্রচার ও প্রকাশনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. গাজী মো. মহসিন, প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, আপ্যায়ন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, দপ্তরসমূহের কর্মকর্তাবৃন্দ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪